

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী

নম্বর:৭০

ময়মনসিংহের টাউন হলে আগামী ১৭ ও ১৮ জুন বিভাগীয় সাহিত্য মেলা অনুষ্ঠিত হবে

ময়মনসিংহ, ১৪ জুন, ২০২৩

ময়মনসিংহের টাউন হল প্রাঙ্গণস্থ তারেক স্মৃতি অডিটোরিয়ামে আগামী ১৭ ও ১৮ জুন (শনি ও রবিবার) দুই দিনব্যাপী বিভাগীয় সাহিত্য মেলা ২০২৩ অনুষ্ঠিত হবে। সাহিত্য মেলার আয়োজন উপলক্ষে আজ ১৪ জুন বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সম্মেলন কক্ষে ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মোঃ শফিকুর রেজা বিশ্বাসের সভাপতিত্বে এক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

তৃণমূল পর্যায়ে যারা সাহিত্য চর্চা করেন তারা যাতে মূলধারায় আসতে পারে এবং কবি সাহিত্যিকদের সাহিত্য কর্ম জাতীয় পর্যায়ে জনসম্মুখে তুলে ধরার লক্ষ্যে ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের কার্যালয়ের ব্যবস্থাপনায়, বাংলা একাডেমির সমন্বয়ে ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় প্রথমবারের মতো ‘ময়মনসিংহ বিভাগীয় সাহিত্য মেলা’ আগামী ১৭-১৮ জুন, ২০২৩ খ্রি. (শনি ও রবিবার) ০২ দিনব্যাপী ময়মনসিংহের টাউন হল সংলগ্ন তারেক স্মৃতি অডিটোরিয়ামে অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত বিভাগীয় সাহিত্য মেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ এম.পি।

১৭ ই জুন শনিবার তারেক স্মৃতি অডিটোরিয়ামে অনুষ্ঠিতব্য মেলার উদ্বোধনী দিনে সকাল ১০.০০ টায় লেখকদের নাম নিবন্ধন করা হবে। সকাল ১০.৩০ টায় উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে। দুপুর ০২.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত 'ময়মনসিংহ বিভাগের সাহিত্য ও সংস্কৃতি: শনাক্তযোগ্য বিষয় ও প্রবণতা' শীর্ষক প্রবন্ধ পাঠ এবং প্রবন্ধের বিষয়ে আলোচনা করা হবে। এদিন বিকাল ০৫.০০ টা থেকে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হবে।

মেলার দ্বিতীয় দিন ১৮ ই জুন (রবিবার) সকাল ১০.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত স্থানীয় লেখকগণ তাদের স্বরচিত সাহিত্য পাঠ করবেন। এর মধ্যে কবিগণ স্বকণ্ঠে কবিতা/ছড়া পাঠ, কথাসাহিত্যিকগণ ছোটগল্প, উপন্যাস থেকে পাঠ এবং নাট্যকারগণ নাটক থেকে নিজ সাহিত্যকর্ম পাঠ করে শোনাবেন। বিকাল ০৫.০০ টায় সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে দুইদিনব্যাপী সাহিত্যমেলা সমাপ্ত হবে।

#

রিদওয়ান/মনির/দেওয়ান/সজিব/২০২৩/১২.৩০ ঘণ্টা